


বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন হাইড্রোকার্বন ইউনিটের "সহকারী পরিচালক (আইসিটি)" (৯ম গ্রেড) পদের লিখিত পরীক্ষার সময়সূচী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

স্মারক নম্বর : ৮০.০০.০০০০.১০৫.০১১.২০(অংশ-৩).২৩-১৬৬

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩২ / ২৮ এপ্রিল ২০২৫

বিষয় : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন হাইড্রোকার্বন ইউনিটের "সহকারী পরিচালক (আইসিটি)" (৯ম গ্রেড) পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচী।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন হাইড্রোকার্বন ইউনিটের "সহকারী পরিচালক (আইসিটি)" (৯ম গ্রেড) পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নে উল্লিখিত কেন্দ্রে বর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর | লিখিত পরীক্ষার তারিখ ও সময় | পরীক্ষার কেন্দ্র | রেজিস্ট্রেশন নম্বর ও প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|
| সহকারী পরিচালক (আইসিটি)<br>ক্রমিক নম্বর-৩৬<br>বিজ্ঞপ্তির তারিখ: ৩১.০৩.২০২৪ | ২৯.০৫.২০২৫ খ্রি:<br>বৃহস্পতিবার<br>সময়: দুপুর ১২:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত। | '৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। | ০০০০০১-৮০০০৭৬<br>=২১৪ জন |

## লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী:

১. অনলাইনে রেজিস্ট্রেশনকারী প্রার্থীকে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। **প্রবেশপত্র ব্যতীত পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।**

২. মোবাইল ফোন, কোনো ধরনের ইলেকট্রনিক্স যোগাযোগ যন্ত্র, ডেবিট/ক্রেডিট কার্ড বা ব্যাংক কার্ড সদৃশ্য কোনো কিছু, হাতঘড়ি, বই, অর্নামেন্টস, ব্যাগসহ কোনো পরীক্ষার্থী পরীক্ষার হলে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষার হলের গেটে পুলিশের উপস্থিতিতে উল্লিখিত দ্রব্যাদি এবং প্রবেশপত্র পরীক্ষা করে পরীক্ষার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর কাছে মোবাইল ফোন, কোনো ধরনের যোগাযোগ যন্ত্র বা হাতঘড়ি পাওয়া গেলে উক্ত প্রার্থীকে বহিষ্কারপূর্বক তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত সকল নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।

৩. পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘন্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কেন্দ্র ত্যাগ করতে পারবেন না।

৪. পরীক্ষার্থীদেরকে বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০, প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং)-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘন্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৫. পরীক্ষার্থীদেরকে একইসাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং) বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

৬. হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে প্রার্থীর স্বাক্ষর একই হতে হবে।

৭. **হাজিরা বহির্ভূত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

চলমান পাতা

৮. **হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

৯. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন, তাঁদেরকে আগামী ১৫.০৫.২০২৫ খ্রি: তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-৫ বরাবর (সদ্য তোলা ২ কপি রঙিন ছবিসহ) আবেদন করতে হবে। প্রাপ্ত আবেদন বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।

১০. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সম্বলিত অনুমতি পত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।

১১. **পরীক্ষার্থীদের কেন্দ্রের নির্দিষ্ট কক্ষ ব্যতীত অন্য কক্ষে পরীক্ষা গ্রহণ করা হবে না।**

১২. পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য-সাংবাদিক-গোয়েন্দা সংস্থার সদস্য, বিপিএসসির প্রতিনিধি বা অন্য কোনো পরিচয় দিয়ে কোনো ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলসমূহে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বিষয়টি অবহিত করবেন। কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তার পরিচয় সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হবেন এবং প্রয়োজনে প্রবেশের অনুমতি প্রদান করবেন।

১৩. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

- পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

স্বাক্ষরিত/-
(দিলাওয়েজ দুরদানা)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

স্মারক নম্বর- ৮০.০০.০০০০.১০৫.০১১.২০(অংশ-৩).২৩-১৬৬

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩২ / ২৮ এপ্রিল ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

১. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা **(বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
৩. উপসচিব (প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট), পরিচালক (সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় চেয়ারম্যান এর একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
৬. বিজ্ঞ সদস্য (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (বিজ্ঞ সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

২৮/০৪/২০২৫
(মোহাম্মদ আশরাফুল ইসলাম)
পরিচালক (ইউনিট-৫)